

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৫৭(আগরতলা- ১৫।৫)

সোনামুড়া, ১৫ মে, ২০ ১৮

৩০ মে থেকে সোনামুড়া বইমেলা

সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে এবং ত্রিপুরা বুক সেলার্স এসোসিয়েশন, ত্রিপুরা পাবলিশার্স গিল্ড ও বিভিন্ন দপ্তরের সহযোগিতায় আগামী ৩০ মে থেকে স্থানীয় নবনির্মিত টাউন হল প্রাঙ্গণে পাঁচদিন ব্যাপী সোনামুড়া বইমেলা- ২০ ১৮ শুরু হচ্ছে। বইমেলা চলবে ৩ জুন পর্যন্ত। এই মেলায় স্থানীয় ও রাজ্যের পুস্তক বিক্রেতা, প্রকাশক সংস্থাও অংশগ্রহণ করবে। বইমেলায় চালিশটি স্টল খোলা হবে। পাঁচদিন ব্যাপী আয়োজিত এই বইমেলায় প্রতিদিনই নবনির্মিত টাউন হলে অনুষ্ঠিত হবে স্থানীয়, রাজ্যের ও বহিরাজ্যের শিল্পীদের সমন্বয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান। এছাড়াও থাকবে কবি সম্মেলন, সেমিনার ইত্যাদি। বইমেলাকে সাফল্য মন্তিত করে তোলার লক্ষ্যে ব্যাপক প্রস্তুতি নেওয়া হয়েছে। গতকাল সোনামুড়া রেভিনিউ ডাক বাংলোতে সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক অসীম সাহার পৌরোহিতে এই মেলার প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় এলাকার সমাজসেবী, সাংস্কৃতিক ব্যক্তিত্ব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। সভা থেকে মহকুমা শাসক সাজু বাহিদ এ-কে আহ্বায়ক করে একটি মূল কমিটি ও বিভিন্ন উপকমিটি গঠন করা হয়।

\*\*\*\*\*